

ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা

ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় আগামী ২০ নভেম্বর ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করতে যাচ্ছে। এ উপলক্ষে রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিশুদের জন্য এক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। বয়সভিত্তিক তিনটি বিভাগে এ প্রতিযোগিতায় 'ক' শাখায় অনুর্ধ্ব ৬ বছর, 'খ' শাখায় ৭ থেকে ৯ বছর এবং 'গ' শাখায় ১০ বছর থেকে ১২ বছরের শিশু-কিশোররা অংশ নিতে পারবে। প্রতিটি বিভাগ থেকে সেরা ৫ জনকে পুরস্কৃত করা হবে এবং সব প্রতিযোগীর জন্য থাকবে শুভেচ্ছা পুরস্কার। প্রতিযোগিতাটি শুরু হবে ২০ নভেম্বর বিকেল ৩টায়। চিত্রাঙ্কনের বিষয় 'সোনার বাংলা'। প্রতিযোগীদের ছবি আঁকার সব উপকরণসহ উপস্থিত হতে হবে। আয়োজকরা শুধু আর্ট পেপার সরবরাহ করবেন। প্রতিযোগিতায় প্রধান বিচারক থাকবেন খ্যাতিমান চিত্রশিল্পী সমরজিত রায় চৌধুরী। রেজিস্ট্রেশনের শেষ সময় ১৫ নভেম্বর।